# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০২০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজর ও মাগরিবের সালাতের পর যা পাঠ করলে চারজন দাস মুক্তি করার সমান সাওয়াব পাওয়া যায় এবং সে ব্যক্তি শয়তান থেকে নিরাপত্তা লাভ করে মর্মে বর্ণনা

ذِكْرُ الشَّيْءِ الَّذِي يَعْدِلُ لِمَنْ قَالَهُ بَعْدَ صَلَاةِ الْغَدَاةِ وَالْمَغْرِبِ عَتَاقَةَ أَرْبَعِ رِقَابٍ مَعَ احْتِرَاسِهِ مِنَ الشَّيْطَانِ بِهِ

---

আরবী

2020 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنِي يَزِيدُ بْنُ يَزِيدَ بْنِ جَابِرٍ عَنِ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَعِيشَ عَنْ أَبِي أَيُّوبَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (من قَالَ إِذَا أَصْبَحَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ عَشْرَ مَرَّاتٍ كُتِبَ لَهُ بِهِنَّ عَشْرُ حَسَنَاتٍ ومُحي بِهِنَّ عَنْهُ عَشْرُ سَيِّئَاتٍ ورُفع لَهُ بِهِنَّ عَشْرُ دَرَجَاتٍ وكُنَّ لَهُ عَدْلَ عِتاقة أَرْبَعِ رِقَابٍ وكُنَّ لَهُ حَرَسًا مِنَ الشَّيْطَانِ حَتَّى يُمْسِيَ وَمَنْ قَالَهُنَّ إِذَا صَلَّى الْمَغْرِبَ دُبُرَ صلاته فمثل ذلك حتى يُصبح)

الراوي : أَبُو أَيُّوبَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2020 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (113 و 2563)

বাংলা

২০২০. আবূ আইউব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে ব্যক্তি সকালে لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই সকল রাজত্ব, তাঁর জন্যই সকল প্রশংসা,

এবং তিনি সর্ব বিষয়ে ক্ষমতাবান) ১০ বার বলবে, এতে তার জন্য ১০ টি নেকি লিখা হয়, এতে তার থেকে ১০ টি গোনাহ মুছে দেওয়া হয়, তার জন্য ১০ টি মর্যাদা উন্নীত করা হয়, তার জন্য চারটি দাস মুক্তি করার সমান সাওয়াব হয় এবং এতে তার জন্য সন্ধা পর্যন্ত শয়তান থেকে নিরাপত্তা অর্জিত হয়। আর যে ব্যক্তি এটি মাগরিবের সালাতের পর বলবে সকাল হওয়া পর্যন্ত তার জন্য অনুরুপ সাওয়াব ও নিরাপত্তা অর্জিত হয়।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪১৫; আবূ দাউদ: ৫০৭৭; ইবনু মাজাহ: ৩৮৬৭; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ২৭।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91338

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন